

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্হ  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু:

**أَوَّابٌ** অর্থ বার বার প্রশংসা করা (আল্লাহর), বার বার আল্লাহর দিকে ফিরে আসা, **Repeat praises, repeatedly turning.** এই শব্দের মূল **أَوْبٌ** থেকে নির্গত ৫টি শব্দ পবিত্র কুরআন মাজীদে ১৭ বার ব্যবহৃত হয়েছে। **مَّآبٍ** একটি নির্গত শব্দ অর্থ Place of return, Place of abode অর্থাৎ মৃত্যুর পর বিচারের দিনের আবাসস্থল জান্নাত অথবা জাহান্নাম। এখানে আমরা আলোচনা করবো- বার বার আল্লাহর প্রশংসা করা এবং বার বার আল্লাহর দিকে ফিরে আসা। দ্বিতীয় শব্দটি হলো **أَوَّاهٌ** এর মূল **أَوْهٌ** মাত্র দুইবার পবিত্র কোরআনে ব্যবহৃত হয়েছে। **أَوَّاهٌ** এর অর্থ হলো অতিশয় কোমল হৃদয়, **Soft of heart.**

**أَوَّابٌ:** বার বার আল্লাহর প্রশংসা করা, বার বার আল্লাহর দিকে ফিরে আসা।

১. আমরা আমাদের পক্ষ থেকে দাউদের প্রতি অনুগ্রহ করেছিলাম। আমরা নির্দেশ দিয়েছিলাম, হে পর্বতমালা! তোমরা দাউদের সাথে আমার পবিত্রতা ঘোষণা কর এবং পাখিদের দিয়েছিলাম এ নির্দেশ।

**وَلَقَدْ ءَاتَيْنَا دَاوُدَ مِنَّا فَضْلًا يُجِبَالُ أَوْبَىٰ مَعَهُ وَالطَّيْرَ**

আমরা আমাদের পক্ষ থেকে দাউদের প্রতি অনুগ্রহ করেছিলাম। আমরা নির্দেশ দিয়েছিলাম, হে পর্বতমালা! তোমরা দাউদের সাথে আমার পবিত্রতা ঘোষণা কর এবং পাখিদের দিয়েছিলাম এ নির্দেশ। (৩৪:১০)  
**And we certainly gave David from us bounty. [We said], O Mountains, repeat (our) praises with him, and the birds (as well). (34:10)**

২. তোমাদের মনে কি আছে তা তোমাদের প্রভুর অধিক জানেন। তোমরা যদি সংশোধন পরায়ন হয়ে থাকো, তবে তিনি আল্লাহমুখী লোকদের জন্য পরম ক্ষমাপরায়ণ।

**رَّبُّكُمْ أَعْلَمُ بِمَا فِي نُفُوسِكُمْ إِن تَكُونُوا صَالِحِينَ فَإِنَّهُ كَانَ لِلأَوَّابِينَ غَفُورًا**

তোমাদের মনে কি আছে তা তোমাদের প্রভুর অধিক জানেন। তোমরা যদি সংশোধন পরায়ন হয়ে থাকো, তবে তিনি আল্লাহমুখী লোকদের জন্য পরম ক্ষমাপরায়ণ। (১৭:২৫)

**Your Lord is most knowing of what is within yourselves. If you should be righteous [in intention] then indeed He is ever, to often returning (to Him) forgiving. (17:25)**

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

৩. তারা যা বলে, তার জন্য তুমি সবার অবলম্বন করো, আর স্মরণ করো আমার হাতওয়ালা (ক্ষমতাপ্রাপ্ত) দাস দাউদকে। সে ছিল আমার অভিমুখী।

**اصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَاذْكُرْ عَبْدَنَا دَاوُدَ ذَا الْأَيْدِ إِنَّهُ أَوَّابٌ**

তারা যা বলে, তার জন্য তুমি সবার অবলম্বন করো, আর স্মরণ করো আমার হাতওয়ালা ক্ষমতাপ্রাপ্ত দাস দাউদকে। সে ছিল আমার অভিমুখী। (৩৮:১৭)

**Be patient what they say and remember our servant, David, the possessor of strength.**

**Indeed, he was one who repeatedly turned back (to Allah). (38:17)**

৪. আর পাখিরাও তার কাছে জড়ো হতো, প্রত্যেকেই ছিল তাঁর অভিমুখী অনুগত।

**وَالطَّيْرَ مَحْشُورَةً كُلٌّ لَّهُ أَوَّابٌ**

আর পাখিরাও তার কাছে জড়ো হতো, প্রত্যেকেই ছিল তার অভিমুখী অনুগত। (৩৮:১৯)

**And the birds were assembled, all with him repeating (praises of Allah). (38:19)**

৫. আমরা দাউদকে দান করেছিলাম (পুত্র) সুলাইমানকে। সে ছিলো আমাদের উত্তম দাস এবং অধিক আল্লাহমুখী।

**وَوَهَبْنَا لِدَاوُدَ سُلَيْمَانَ نِعَمَ الْعَبْدِ إِنَّهُ أَوَّابٌ**

আমরা দাউদকে দান করেছিলাম (পুত্র) সুলাইমানকে। সে ছিলো আমাদের উত্তম দাস এবং অধিক আল্লাহমুখী। (৩৮:৩০)

**And to David We gave Solomon. An excellent servant, indeed he was one repeatedly turning back (to Allah). (38:30)**

৬. আমরা তাকে (আয়ুবকে) আরো আদেশ করলাম, এক মুষ্টি তৃণ নাও, তা দিয়ে আঘাত করো এবং শপথ ভঙ্গ করো না। আমরা তাকে পেয়েছি ধৈর্যশীল। কত যে উত্তম দাস ছিলো সে। আর সে ছিল আমার অভিমুখী।

**وَخُذْ بِيَدِكَ ضِغْتًا فَاصْرِبْ بِهِ وَلَا تَحْنُتْ إِنَّا وَجَدْنَاهُ صَابِرًا نِعَمَ الْعَبْدِ إِنَّهُ أَوَّابٌ**

আমরা তাকে (আয়ুবকে) আরো আদেশ করলাম, এক মুষ্টি তৃণ নাও, তা দিয়ে আঘাত করো এবং শপথ ভঙ্গ করো না। আমরা তাকে পেয়েছি ধৈর্যশীল। কত যে উত্তম দাস ছিলো সে। আর সে ছিল আমার অভিমুখী। (৩৮:৪৪)

**[We said] And take in your hand a bunch (of grass) and strike with it and do not break your oath. Indeed, we found him patient, an excellent servant. Indeed, he was one repeatedly turning back (to Allah). (38:44)**

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

৭. এর ওয়াদাই তোমাদের (জান্নাতীদের) দেয়া হয়েছিল, প্রত্যেক আল্লাহমুখী হিফাজতকারীর জন্যে।

هَذَا مَا تُوْعَدُونَ لِكُلِّ أَوَّابٍ حَفِيظٍ

এর ওয়াদাই তোমাদের (জান্নাতীদের) দেয়া হয়েছিল, প্রত্যেক আল্লাহমুখী হিফাজতকারীর জন্যে। (৫০:৩২)

[It will be said] This is what you were promised for every returner (to Allah) and keeper (of his covenant). (50:32)

أَوَّاهٌ: অতিশয় কোমল, Soft of heart.

১. ইব্রাহিম তো অতিশয় কোমল হৃদয় এবং সহনশীল।

إِنَّ إِبْرَاهِيمَ لَأَوَّاهٌ حَلِيمٌ

ইব্রাহিম তো অতিশয় কোমল হৃদয় এবং সহনশীল। (৯:১১৪)

Indeed was Abraham **compassionate** and patient. (9:114)

২. নিশ্চয়ই ইব্রাহিম ছিল এক সহনশীল, কোমল হৃদয় এবং আল্লাহমুখী মানুষ।

إِنَّ إِبْرَاهِيمَ لَحَلِيمٌ أَوَّاهٌ مُنِيبٌ

নিশ্চয়ই ইব্রাহিম ছিল এক সহনশীল, কোমল হৃদয় এবং আল্লাহমুখী মানুষ। (১১:৭৫)

Indeed, Abraham was forbearing, **grieving** and (frequently) returning [to Allah]. (11:75)

প্রিয় ভাই ও বোনেরা, শয়তান আমাদের চিরশত্রু। তার প্ররোচনায় আমরা অন্যায় কাজ করে বসি। অন্যায় কাজ সংঘটিত হওয়ার সাথে সাথেই আমাদের উচিত আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা এবং আল্লাহর অভিমুখী হই। বারবার ক্ষমা চাওয়া, অন্যায় কাজ থেকে ফিরে আসার জন্য প্রতিজ্ঞা করা এবং আল্লাহর অভিমুখী হওয়া, তার প্রশংসা করা।

আল্লাহ আমাদের সঠিক পথে দৃঢ় রাখুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>